

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ(ইউসিবি)

খাতুনগঞ্জ শাখা, ঠিকানা-খাতুনগঞ্জ ট্রেড সেন্টার, রামজয় মহাজন লেইন, খাতুনগঞ্জ, থানা - কোতোয়ালী, জেলা- চট্টগ্রাম।

অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখার ঋণগ্রহীতা মেসার্স তানভীর এন্টারপ্রাইজ, মালিক- মোহাম্মদ শহীদুল ইসলাম, পিতা- মোঃ মোতাহার উদ্দিন খান, ঠিকানা-৩৭৯/১ হাজী আলা মিয়া চেম্বার(দ্বিতীয় তলা), ষ্ট্র্যান্ড রোড, মাবিরঘাট, চট্টগ্রাম, স্থায়ী ঠিকানা- খান সাহেব বাড়ী, গ্রাম- ছত্রকান্দা, ডাকঘর- ছত্রকান্দা-৮৬২২, থানা- বাটুফল, জেলা- পটুয়াখালী, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঙ্গলীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১২.২০১৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৫৯,৫১,৬৯৩.৪২(উণষাট লক্ষ একান্ন হাজার ছয়শত তিরানবই টাকা বিয়ালিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসংক্ষিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিঃ তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিঃ বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

### "বন্ধকী সম্পত্তির তফসিল"

জিলা- চট্টগ্রাম, থানা-সাবেক ডবলমুরিৎ হালে পাহাড়তলী, মৌজা- উত্তর হালিশহর , আর এস খতিয়ান নং-২৬০৯, আর এস পট নং-৯০৫,৯০৭,৯০৮,৯১০,৯১১,৯১২, ৯১৩,৯১৪,৬৪৭৭, বি.এস খতিয়ান নং-৮৩৭, বি.এস পট নং - ৬৪০০,৬৪০৫,৬৪০৬, ৬৪০১,৬৪০৭,৬৪০৮,৬৪০৯, ৬৪১০, ৬৪০২, ৬৪০৩, বি.এস মিউটেশন খতিয়ান নং-২৬৪০, বি এস পট নং-৬৪০৬, মোট জমির পরিমাণ-৮ শতাংশ ।

### নিলামের শর্তাবলী

- ১) আগামী ২৮-০২-২০১৬ইং তারিখে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এ রাস্তিত টেন্ডার বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকঘোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকেল ৪.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।
- ২) প্রত্যেক দরপত্রাতা উদ্ভৃত দর এর ১০% সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ।
- ৩) উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নববই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াও হইবে । প্রথম সর্বোচ্চ দরপত্রাতার জামানত বাজেয়াও হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন ।
- ৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রহ করিতে পারিবেন ।
- ৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয় সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, পি.ডি.বি/পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।
- ৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না ।
- ৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।
- ৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন ।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, খাতুনগঞ্জ শাখা, চট্টগ্রাম